"শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ"

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

Bangladesh Power Development Board

www.bpdb.gov.bd

কর্মচারী পরিদপ্তর

ওয়াপদা ভবন(৫তলা), মতিঝিল,বা/এ, ঢাকা-১০০০

নং-২৭.১১.০০০০.২১০.৬৩.০০১.২২-২৬ তারিখঃ ১১-০৪ -২০২৩খ্রি.

নিয়োগ/পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অধীনে সরকারি আদেশ অনুযায়ী প্রচলিত বেতনস্কেল ও ভাতাদিতে রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত পদসমূহে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত শর্তাধীনে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://bpdb.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না:

ক্রঃ নং	পদের নাম, বেতন স্কেল ও পদসংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	মন্তব্য
১.	নিম্নমান হিসাব সহকারী ৯,৩০০-২২,৪৯০/- (১৬ তম গ্রেড) ৩০০ (তিনশত) টি	(ক) উচ্চ মাধ্যমিক (বাণিজ্য) (খ) কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণি/জিপিএ ২.০ এর নিম্নে নয়। (গ) মাইক্রোসফট অফিস (এমএসওয়ার্ড, এমএস এক্সেল,পাওয়ার পয়েন্ট ইত্যাদি) এর উপর অবশ্যই কম্পিউটার প্রশিক্ষণ থাকতে হবে।	বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ২৮-০৮-২০১৯ তারিখের স্মারক নম্বর-২৭.১১.০০০০.২১০.৬৩.০১২.১৯-৬৬ দ্বারা জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে ইতিপূর্বে আবেদনকৃত প্রার্থীদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।
২.	ফার্মাসিস্ট/মেডিক্যাল এ্যাসিস্টেন্ট ১২,৫০০-৩০,২৩০/- (১১তম গ্রেড) ২৫ (পঁচিশ) টি	(ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা-ইন ফার্মেসি/ডিপ্লোমা-ইন-মেডিকেল টেকনোলজী/সমমান। সংশ্লিষ্ট কাজে ৩(তিন) বছরের অভিজ্ঞতা। (খ) কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণি/জিপিএ ২.০ এর নিম্নে নয়।	বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ০৬-১১-২০১৮ তারিখের স্মারক নম্বর-২৭.১১.০০০০.২১০.৫২.৪২৫.১৮-৪২০ এবং ১৫-১১-২০১৮ তারিখের স্মারক নম্বর-২৭.১১.০০০০.২১০.৫২.৪২৫.১৮-৪৫৬ মূলে জারীকৃত সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে ইতিপূর্বে আবেদনকৃত প্রার্থীদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।
৩.	সিনিয়র স্টাফ নার্স ১১,৩০০-২৭,৩০০/- (১২তম গ্রেড) ০৪ (চার) টি	(ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা-ইন নার্সিং। সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা। (খ) কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণি/জিপিএ ২.০ এর নিম্নে নয়।	
৪.	জুনিয়র স্টাফ নার্স ৯,৩০০-২২,৪৯০/- (১৬তম গ্রেড) ১০ (দশ)টি	(ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা-ইন নার্সিং। (খ) কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণি/জিপিএ ২.০ এর নিম্নে নয়।	
৫.	ড্রেসার ৮,৮০০-২১,৩১০/- (১৮তম গ্রেড) ০৬ (ছয়)টি	(ক) মাধ্যমিক/সমমানের পরীক্ষায় পাশ। সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা। (খ) ২য় বিভাগ/শ্রেণি/জিপিএ ২.০ এর নিম্নে নয়।	
৬.	মিডওয়াইফ ৮,৮০০-২১,৩১০/- (১৮তম গ্রেড) ০৯ (নয়)টি	(ক) মাধ্যমিক/সমমানের পরীক্ষায় পাশ। সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা। (খ) ২য় বিভাগ/শ্রেণি/জিপিএ ২.০ এর নিম্নে নয়।	
৭.	নিরাপত্তা প্রহরী ৮,২৫০-২০,০১০ (২০ তম গ্রেড) ৪৬৪ (চারশত চৌষট্টি)	ন্যূনতম অষ্টম শ্রেণী অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। প্রার্থীদের উচ্চতা ন্যূনতম ৫ ফুট ৪ ইঞ্চি এবং বুকের মাপ ৩২ ইঞ্চি হতে ৩৪ ইঞ্চি ও সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে।	-

চলমান পাতা-০২

শর্তাবলীঃ

১। বর্ণিত পদের জন্য বয়সসীমা **১৭-০৪-২০২৩** তারিখে **১৮-৩০বৎসর।** বীরমুক্তিযোদ্ধা/শহীদ বীরমুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে উর্দ্ধ বয়স ৩২ (বত্রিশ) বৎসর। **তবে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২ সেপ্টেম্বর, ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নম্বর স্মারকের নির্দেশনা অনুযায়ী ২৫-০৩-২০২০ তারিখে যে সকল আবেদনকারীর বয়স সর্বোচ্চ বয়সসীমার মধ্যে রয়েছে সে সকল প্রার্থীও আবেদন করতে পারবেন।**

২। সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ পুর্বক আবেদন করতে হবে।

৩। প্রার্থীদের প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে; উক্ত সময়ে আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্রাদির মূলকপি ও ০১ (এক) সেট সত্যায়িত কপি দাখিল করতে হবে। দাখিলকৃত কাগজপত্রের সঠিকতা যাচাই সাপেক্ষে তাদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি প্রদান করা হবে।

৪। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান সকল বিধি-বিধান ও পরবর্তীতে উক্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৫। ক) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদপত্র থাকতে হবে। জেলা প্রশাসন ব্যতীত অন্য কোন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদ গ্রহণ করা হবে না।
খ) প্রতিবন্ধী প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা পর্যায়ের অফিসের উপ-পরিচালক/সমমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ থাকতে হবে।
গ) এতিম এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র থাকতে হবে।

৬। বীরমুক্তিযোদ্ধা/শহীদ বীরমুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা প্রার্থীগণ সর্বশেষ সরকারী নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ থাকা সাপেক্ষে আবেদন করতে পারবেন। বীরমুক্তিযোদ্ধা/শহীদ বীরমুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের ক্ষেত্রে তাদের পিতা/মাতার অনুকূলে মুক্তিযুদ্ধে অংশগ্রহণের স্বপক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ও মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র বা ১৯৯৭-২০০১ সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত সনদপত্র থাকতে হবে। একইসাথে প্রার্থী বীরমুক্তিযোদ্ধা/শহীদ বীরমুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে বীরমুক্তিযোদ্ধা/শহীদ বীরমুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত সনদপত্র থাকতে হবে।

৭। ক্রমিক নম্বর-১ এ বর্ণিত পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক (কম্পিউটার) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং ক্রমিক নম্বর ২-৭ এ বর্ণিত পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৮। লিখিত, ব্যবহারিক (কম্পিউটার) (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

১০। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি বা সম্পূর্ণ নিয়োগ প্রক্রিয়া সংশোধন/বাতিলের ক্ষমতা সংররক্ষণ করে।

১১। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী :

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bpdb.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

i. **Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ১৭-০৪-২০২৩ খ্রি., সকাল-১০.০০ টা।**

ii. **Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ০৭-০৫-২০২৩ খ্রি., বিকাল-৫.০০ টা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৮০ প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

চলমান পাতা-০৩

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :**

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicants copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ ঘোলা/ঘষামাজা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicants copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে প্রিন্ট করে সংরক্ষণ করবেন।

Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি-বাবদ ক্রমিক নম্বর- ২ও ৩ এ বর্ণিত পদের জন্য ৩০০/-(তিনশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৩৪/-(চৌত্রিশ) টাকাসহ সর্বমোট **৩৩৪/- (তিনশত চৌত্রিশ)** টাকা, ক্রমিক নম্বর- ১ও ৪ এ বর্ণিত পদের জন্য **২০০/-(দুইশত)** টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩/-(তেইশ) টাকাসহ সর্বমোট ২২৩/- **(দুইশত তেইশ)** টাকা এবং ক্রমিক নম্বর- **৫ থেকে ৭ এ বর্ণিত পদের জন্য ১০০/-(একশত)** টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/-(বারো) টাকাসহ সর্বমোট **১১২/- (একশত বারো)** টাকা পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

<u>প্রথম SMS</u>: **BPDB<space>User ID** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: BPDB ABCDEF

Reply: Applicant's Name, Tk **334/223/112 /-** will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee type BPDB<Space>Yes<space>PIN and send to 16222.

<u>দ্বিতীয় SMS</u>: **BPDB<space>Yes<space>PIN** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: BPDB YES 12345678

Reply: Congratulation Applicant's Name, payment completed successfully for BPDB Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://bpdb.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথা সময়ে জানানো হবে। **Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।**

ছ. বিজ্ঞপ্তি সংক্রান্ত বিস্তারিত বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ওয়েবসাইট www.bpdb.gov.bd এবং http://bpdb.teletalk.com.bd অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https:/alljobs.teletalk.com.bd/bpdb ওয়েব সাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.bpdb.gov.bd ওয়েব সাইট হতে জানা যাবে।

জ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

ঝ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন হতে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. **User ID জানা থাকলে:**

BPDB<space>Help<space>User<space>User ID & Send to 16222 নম্বরে।

Example: **BPDB Help User ABCDEF** & send to 16222

ii. **PIN Number জানা থাকলে:**

BPDB<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222 নম্বরে।

Example: **BPDB Help PIN 12345678** & send to 16222

ঞ. Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক মোবাইল থেকে ১২১ এ কল করুন। এ ছাড়াও **alljobs.query@teletalk.com.bd** এই ই-মেইলে যোগাযোগ করা যাবে এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ **https://www.facebook.com/alljobsbdTeletalk** এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail অথবা মেসেজ এর Subject-এ Organization Name 'BPDB', Post Name *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ট. **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

***শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিষ্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

২১/৪/২৬

(কাজী নজরুল ইসলাম)
পরিচালক
কর্মচারী পরিদপ্তর
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা